

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১২০

আগরতলা, ১৫ এপ্রিল, ২০২৪

প্রধানমন্ত্রীর সফর

**১৭ এপ্রিল আগরতলা শহরে যানবাহন চলাচলের বিশেষ ব্যবস্থা**

আগামী ১৭ এপ্রিল, ২০২৪ তারিখে রাজ্যে প্রধানমন্ত্রীর সফরকে কেন্দ্র করে পশ্চিম ত্রিপুরা জেলার পুলিশ সুপার আগরতলা শহরে যানবাহন চলাচলের উপর এক বিশেষ ব্যবস্থা করেছেন। সেই অনুযায়ী পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার এক বিজ্ঞপ্তিতে ১৭ এপ্রিল, ২০২৪ তারিখে সকাল ০৯:৩০টা থেকে সন্ধ্যা ০৬:০০টা পর্যন্ত আগরতলা এমবিবি বিমানবন্দর থেকে বিবেকানন্দ ময়দান পর্যন্ত বিভিন্ন ধরনের যানবাহন, ট্রিপার, ইট, রড, বাঁশ পরিবহনকারী যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা জারি করেছেন এবং আপৎকালীন পরিষেবার সাথে যুক্ত যানবাহনগুলিকে বিকল্প সড়ক ব্যবহার করতে অনুরোধ করেছেন। বিকল্প সড়কগুলি হচ্ছে-

- ১) নারায়নপুর-নরসিংগড়-রামনগর-গান্ধীগ্রাম বাজার-শালবাগান-রবারবোর্ড-চানমারি।
- ২) জিবি-ইন্দ্রনগর-ধলেশ্বর-মঠ চৌমুহনী-যোগেন্দ্রনগর-বাইপাস।
- ৩) এডিনগর-বটতলা-ফায়ার সার্ভিস-কের চৌমুহনী-শংকর চৌমুহনী-বড়জলা-ময়লাখলা ভায়া ভারতরত্ন ক্লাব-এমবিবি বিমানবন্দর।
- ৪) জিবি-আইএলএস-এসডিও চৌমুহনী-নন্দন নগর-বণিক্য চৌমুহনী-খয়েরপুর।  
তাছাড়া আপৎকালীন সড়ক হিসেবে নির্ধারণ করা হয়েছে নিম্নলিখিত সড়কগুলি-
  - ১) নরসিংগড়-রামনগর-গান্ধীগ্রাম বাজার-শালবাগান-রবারবোর্ড-চানমারি-জিবি/আইএলএস।
  - ২) জিবি-ইন্দ্রনগর-ধলেশ্বর-মঠ চৌমুহনী-যোগেন্দ্রনগর-বাইপাস।
  - ৩) এডিনগর-বটতলা-ফায়ারসার্ভিস-কেরচৌমুহনী-শংকরচৌমুহনী-বড়জলা-ভোলাগিরি- আইএলএস/জিবি।
  - ৪) জিবি-আইএলএস-এসডিও চৌমুহনী-নন্দননগর-বণিক্য চৌমুহনী।

তাছাড়াও ১৭ এপ্রিল, ২০২৪ তারিখে প্রধানমন্ত্রীর সফরকে কেন্দ্র করে আগরতলার বিবেকানন্দ ময়দানে এক জনসভার আয়োজন করা হয়েছে। সেজন্য এসটি কর্পোরেশনের থেকে লেক চৌমুহনী, শচীন সেতু থেকে লেক চৌমুহনী, বোধজং চৌমুহনী থেকে উত্তর গেইট, বোধজং চৌমুহনী থেকে ভুতুরিয়া, কাটাখাল থেকে শচীন সেতু, ক্যান্টনমেন্ট রোড থেকে বুদ্ধমন্দির, অভয়নগর পোস্ট অফিস থেকে বুদ্ধ মন্দির, উত্তর গেইট থেকে রাধানগর, পুরান রাজভবনের পেছনের গেইট থেকে মূর্তিপ্রাঙ্গণ, হেরিটেজ পার্ক থেকে মৃত্তিকা ক্রসিং, বড়জলা থেকে ভোলাগিরি ক্রসিং, শালবাগান বাইপাস ক্রসিং থেকে লিচুবাগান, পঞ্চবাটি থেকে এমবিবি বিমানবন্দর, নারায়ণপুর থেকে এমবিবি বিমানবন্দরগামী রাস্তায় যান চলাচল বন্ধ থাকবে।

রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে যেসব গাড়ি আসবে সেগুলির পার্কিং হবে নিম্নরূপ :

- ১) দক্ষিণ ত্রিপুরা /গোমতী /সিপাহীজলা জেলা থেকে যেসব গাড়ি আসবে সেগুলি যাত্রীদের প্যারাডাইস চৌমুহনীতে নামিয়ে দাঁড়াবে ক) নাগেরজলা স্ট্যান্ড (এলএমভি/বাস, খ) গান্ধীঘাটে রাস্তার পশ্চিম দিকে (এলএমভি), গ) নেতাজী স্কুলের মাঠে (এলএমভি/বাস)। যেখান থেকে জনগণ প্যারাডাইস চৌমুহনী-পোস্ট অফিস চৌমুহনী-আরএমএস চৌমুহনী-বিকে চৌমুহনী-কর্ণেল চৌমুহনী-হারাধন সংঘ-বিবেকানন্দ ময়দান রুট ধরবে।

\*\*\*\*\*২য় পাতায়

(২)

২) ধলাই/ উনকোটি / উত্তর ত্রিপুরা জেলা / তেলিয়ামুড়া / রাণীরবাজার / জিরানীয়া থেকে আসা গাড়িগুলি পুরাতন সেন্ট্রাল জেল ক্রসিং - যাত্রীদের নামিয়ে দাঁড়াবে ক) চন্দ্রপুর আইএসবিটি-তে (এলএমভি/বাস), খ) পুরাতন জেল থেকে আশ্রম চৌমুহনী রাস্তার দক্ষিণ পাশে, গ) ক্ষুদিরাম বসু স্কুল গ্রাউন্ডে (এলএমভি)। যেখান থেকে জনগণ পুরাতন সেন্ট্রাল জেল-লালবাহাদুর ক্রসিং-পাওয়ার হাউস ক্রসিং-মরা চৌমুহনী-উত্তর গেইট-বিবেকানন্দ ময়দান রুট ধরবেন।

৩) খোয়াই জেলা এবং সদর উত্তর থেকে আগত গাড়িগুলি নেহরু পার্ক কমপ্লেক্সে যাত্রীদের নামিয়ে দাঁড়াবে- ক) নেহরু পার্ক (এলএমভি/বাস) এবং খ) সিধাই ক্রসিং-এ (এলএমভি/বাস)। সেখান থেকে জনগণ নেহরু পার্ক-মূর্তি প্রাঙ্গণ-বুদ্ধ মন্দির-রাধানগর-রাধামাধব মন্দির-লেইক চৌমুহনী/এসটি কর্পোরেশন-ডিমসাগর-দেবলোক হাসপাতাল রুট ধরবে।

৪) যোগেন্দ্রনগর রেল স্টেশনগামী গাড়িগুলির ক্ষেত্রে বাস হলে মঠ চৌমুহনী থেকে গান্ধী স্কুলের মধ্যে দাঁড়াবে এবং ছোট গাড়ি হলে পুরাতন সেন্ট্রাল জেল ক্রসিং-এ যাত্রী নামিয়ে ক্ষুদিরাম বসু স্কুল গ্রাউন্ডে দাঁড়াবে।

উল্লেখ্য, আইজিএম চৌমুহনী থেকে ওরিয়েন্ট চৌমুহনী, আইজিএম চৌমুহনী থেকে ফায়ার সার্ভিস চৌমুহনী, উমাকান্ত গ্রাউন্ড, রাধানগর থেকে উত্তর গেইট, উত্তর গেইট থেকে কাটাখাল, বাঁধের উপর, শচীন সেতু থেকে ভুতুরিয়া -এসব রাস্তায় কোন বাস/এলএমভি পার্কিং করা যাবে না।

\*\*\*\*\*